কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
Comilla Palli Bidyut Samity-1
চান্দিনা, কুমিল্লা।

নম্বর ২৭.১২.১৯২৭.৫০৩.০১.০৩৮.২০.৩৯৫১

তারিখ: ৮ ভাদ্র ১৪২৭
২৩ আগস্ট ২০২০

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে বরাদ্দকৃত তার পরিবহনের দরপত্র বিজ্ঞপ্তি।**

অত্র পবিসের অনুকূলে বরাদ্দকৃত ৮৪ কিঃমিঃ ৪/০ এসিএসআর (আইটেম নং-ডি-৩) তার চট্টগ্রামস্থ কেন্দ্রীয় পন্যাগার হতে অত্র পবিসের সদর দপ্তর চান্দিনায় পরিবহনের জন্য (লোডিং আনলোডিং সহ) "কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ)" পদ্ধতির মাধ্যমেঠিকাদার প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

টেন্ডার প্যাকেজ নং	ক্রঃ নং	বিবরণ	পরিমাণ (টন)	একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
W.20-21.03.63	০১	বাপবিবোর্ডের কেন্দ্রীয় পন্যাগার, ফৌজদারহাট, চট্টগ্রাম হতে অত্র পবিসের অনুকূলে বরাদ্দকৃত ৮৪ কিঃমিঃ ৪/০ এসিএসআর (ডি-৩) তার কুমিল্লা পবিস-১ এর সদর দপ্তর, চান্দিনায় পরিবহন (লোডিং, আন লোডিং ও যাবতীয় খরচ সহ)।	৪৭ টন (১৪০ ড্রাম)		
				সর্বমোট =	

<u>শর্তাবলীঃ</u>

০১। আগ্রহী দরপত্র দাতাগণ আগামী ৩১/০৮/২০২০ খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত দরপত্র কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দিনা, কুমিল্লা এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না।

০২। প্রাপ্ত দরপত্র সমূহ কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দিনা, কুমিল্লা এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় আগামী ৩১/০৮/২০২০ খ্রিঃ তারিখ দুপুর ১২:৩০ ঘটিকার সময় উপস্থিত দরপত্র/প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩। দরপত্রের সাথে হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বর (TIN), ভ্যাট নিবন্ধন নম্বর সংক্রান্ত দালিলিক প্রমাণাদি এবং আর্থিক সচ্ছলতার সমর্থনে ব্যাংকের সনদপত্র এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৪। দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে ***"বৈদ্যুতিক মালামাল পরিবহন কাজের দরপত্র"*** কথাটি লিখতে হবে।

০৫। কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী তার পরিবহনের স্থান পরিবর্তন হলে "বাপবিবোর্ডের সর্বশেষ বৈদ্যুতিক মালামাল পরিবহনের দর তালিকা-২০১৭" অনুযায়ী বিল পরিশোধ করা হবে।

০৬। তার সমূহ সঠিকভাবে ও নিরাপদভাবে পরিবহন করতে হবে। তার লোডিং আনলোডিং ও পরিবহন সুদক্ষ জনবল দ্বারা করতে হবে। লোডিং ও আনলোডিং/পরিবহনের সময় কোনরূপ দূর্ঘটনা কিংবা ক্ষয়ক্ষতি হলে তার দায়-দায়িত্ব সম্পূর্ণরূপে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের উপর বর্তাবে।

০৭। তার পরিবহনে পথিমধ্যে কোনরূপ বাধা বা বিলম্বের জন্য সমিতি কর্তৃপক্ষ কোনরূপ দায়ভার গ্রহণ করবে না এবং সকল দায়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

০৮। তার পরিবহনের পূর্বে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের মনোনীত প্রতিনিধি কর্তৃক যে অবস্থায় বুঝে নিবে ঠিক সে অবস্থায় গন্তব্যে পৌছাতে হবে।

০৯। সরকারী নিয়মানুযায়ী মোট বিল হতে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

১০। কার্যাদেশ প্রদানের তারিখ হতে ১০ (দশ) দিনের মধ্যে নিজ খরচে ও নিজ দায়িত্বে তার উপরোক্ত নির্দেশিত স্থান হতে লোডিং পূর্বক নির্ধারিত স্থানে আনলোডিং কাজ সম্পাদন করতে হবে। উল্লেখ্য যে, মালামাল পরিবহনের পূর্বে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের মনোনীত

প্রতিনিধিকে সংশ্লিষ্ট অফিস হতে ক্ষমতা পত্র নিতে হবে।
১১। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হইলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লিখিত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হইবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হইবে না।
১২। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক সন্তোষজনকভাবে মালামাল সরবরাহ শেষে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হইবে।
১৩। কুমিল্লা পবিস-১ এর কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১৪। দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখ নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।



২৩-৮-২০২০
মো: ফসিউল হক জাহাঙ্গীর
জেনারেল ম্যানেজার (ভারপ্রাপ্ত)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) পরিচালক (প্রশাসন), পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণ ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো)।
২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা (বাপবিবোর্ডে ওয়েব সাইটে প্রকাশের জন্য সদয় অনুরোধ করা হলো)।
৩) জেলা প্রশাসক, কুমিল্লা।
৪) পুলিশ সুপার, কুমিল্লা।
৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , কুমিল্লা জোন।
৬) মেয়র, সিটি কর্পোরেশন কুমিল্লা।
৭) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ------------------ পবিস-১/২/৩/৪।
৮) নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, কুমিল্লা (উত্তর)।
৯) সিনিয়র এ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি, কুমিল্লা।
১০) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপদ অধিদপ্তর, কুমিল্লা।
১১) উপজেলা নির্বাহী অফিসার, চান্দিনা, কুমিল্লা।
১২) উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর, কুমিল্লা।
১৩) উপজেলা নির্বাহী অফিসার, দেবিদ্বার, কুমিল্লা।
১৪) উপজেলা নির্বাহী অফিসার, বরুড়া, কুমিল্লা।
১৫) ডিজিএম, বরুড়া জোনাল অফিস, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১।
১৬) ডিজিএম, দেবিদ্বার জোনাল অফিস, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১।
১৭) ডিজিএম, কোম্পানীগঞ্জ জোনাল অফিস, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
১৮) ডিজিএম (টেকনিক্যাল), কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১।
১৯) এজিএম(ওএন্ডএম), বাঙ্গরা সাব-জোনাল অফিস, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১।
২০) এজিএম(ওএন্ডএম), নবাবপুর সাব-জোনাল অফিস, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১।
২১) এজিএম(ওএন্ডএম),পয়ালগাছা সাব জোনাল অফিস, কুমিল্লা পবিস-১।
২২) এজিএম (ইএন্ডসি), কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১।
২৩) এজিএম (অর্থ-হিসাব), কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১।
২৪) এজিএম (ওএন্ডএম), কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১।

২৫) সহকারী প্রকৌশলী, বাপবিবো, কুমিল্লা (উত্তর)।
২৬) সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-২),কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য)।
২৭) মেসার্স--------------------------------------- ।
২৮) নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-১।
২৯) অফিস কপি/মাস্টার কপি।